

বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

উত্তম চর্চা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান খেলোয়াড়, ক্রীড়া সংগঠক তথা ক্রীড়াসেবী ও তাঁদের পরিবারের সদস্যদের কল্যাণ সাধনের উদ্দেশ্যে ০৬ আগস্ট ১৯৭৫ তারিখে “বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন” প্রতিষ্ঠার প্রস্তাব অনুমোদন করেছিলেন।

সৃষ্টিগ্ন থেকেই এ ফাউন্ডেশন জাতির পিতার লালিত স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে ক্রীড়াসেবীদের কল্যাণে, তাদের দারিদ্র হ্রাসের জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। চলমান বৈশ্বিক করোনা ভাইরাস (কোভিড-১৯) মহামারীকালে অন্যান্য পেশাজীবীদের ন্যায় ক্রীড়াসেবীদের অনেকেই কর্মহীন হয়ে আর্থিকভাবে অসহায় হয়ে পড়েন। চরম আর্থিক অসচ্ছলতার কারণে দারিদ্রতার মধ্যে তাঁদের দিন কাটতে থাকে। এ সময়ে “বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন” অসচ্ছল ক্রীড়াসেবীদের পাশে থেকে তাদের আর্থিক সহায়তা প্রদান করেছে। মাননীয় প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং ফাউন্ডেশনের চেয়ারম্যান, আন্তর্জাতিকভাবে স্বীকৃত করোনা যোদ্ধা জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি মহোদয় ১০ জুন ২০২০ তারিখে কোভিড-১৯ মহামারীর কারণে আর্থিকভাবে অসচ্ছল ৫০ জন ক্রীড়াবিদ ও ক্রীড়া সংগঠকদের প্রতিজনকে ১০ হাজার টাকা হারে ০৫ লক্ষ টাকা বিশেষ অনুদান প্রদান করে অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছেন।

